গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা

২৯ বৈশাখ ১৪২৩

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৩১.০২৭.১৬- ৩১১ তারিখঃ-------------------

১২ মে ২০১৬

**বিষয়: প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের উপর শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ প্রসঙ্গে।**

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ এর পরিপ্রেক্ষিতে জ্ঞাতে এসেছে যে, সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে প্রাতিষ্ঠানিক নিয়ম শৃঙ্খলা ও পাঠ শিক্ষণে অবহেলা বা অন্যবিধ কারণে শিক্ষক কিংবা অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অমানবিক ও নির্মম শাস্তি প্রদান করা হচ্ছে। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তির মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা প্রদানের কোনো সুযোগ নেই। এ লক্ষ্যে করণীয় নির্ধারণ সম্পর্কে গত ১৯ মার্চ ২০১৬ তারিখ এ মন্ত্রণালয়ের সচিব, জনাব মোঃ হুমায়ুন খালিদ এর সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে উল্লেখযোগ্য সিদ্ধান্ত নিম্নরূপঃ

(১) শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়রনরত ছাত্র/ছাত্রীদের শারীরিক শাস্তি প্রদান বন্ধে বিভিন্ন ধরণের সচেতনতামূলক শ্লোগান সম্বলিত পোষ্টার, ব্যানার প্রস্তুতপূর্বক তা সকল প্রাথমিক বিদ্যালয়ের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবে;

(২) শিক্ষার্থীদের উপর শারীরিক ও মানসিক শাস্তি প্রদানের বিষয়টি অসদাচরণ (Misconduct) হিসেবে গণ্য করে শাস্তি প্রদানকারী শিক্ষকদের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৩) মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অপরাপর যে কোন কর্মকর্তা বিদ্যালয় পরিদর্শনকালীন সময়ে উক্ত বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপর শারীরিক শাস্তি প্রদান করা হয় কীনা, সে বিষয়টি যাচাই করে দেখবেন এবং পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ আকারে উল্লেখ করবেন;

(৪) সংশ্লিষ্ট জেলা/উপজেলায় জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত জেলা/উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভার (প্রতি ৩ মাস অন্তর) আলোচ্যসূচিতে বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে;

(৫) বিভাগীয় উপ-পরিচালক এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের নিয়ে অনুষ্ঠিত সমন্বয় সভাসহ প্রতিটি উপজেলায় প্রধান শিক্ষকদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ সংক্রান্ত পরিপত্রের দিক নির্দেশনা প্রতিপালন হচ্ছে কীনা এবং দায়ী শিক্ষক/অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত বিষয়াদি আলোচনা করতে হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করবে;

২। এমতাবস্থায়, উপর্যুক্ত ৪নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক বিষয়টি আইন শৃঙ্খলা কমিটির সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)
ফোনঃ ৯৫৭৭২৫৫

বিতরণ (কার্যার্থে):

১। জেলা প্রশাসক, ........................................ (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার, ............................................ (সকল)।

অনুলিপি:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।